গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০৬৩.৩০.০৭০.২৩- ৪৬৪

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ।
২২ জুন ২০২৬ খ্রিস্টাব্দ।

বিষয় : **প্রতিভা অন্বেষণ ক্যাম্প ২০২৫-২০২৬ এ খেলোয়াড় প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ক্রীড়া দল জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া অঙ্গনে ক্রমাগতভাবে অসামান্য অবদান রাখছে। আনসার ও ভিডিপি ক্রীড়া দল ১৯৯২, ১৯৯৬, ২০০২, ২০১৩ এবং সর্বশেষ ৯ম বাংলাদেশ গেমস-২০২০ এ টানা পঞ্চম বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। সাফল্যের এই ধারাবাহিকতা বজায় রাখতে ও আসন্ন এশিয়ান গেমস এবং এসএ গেমসের প্রস্তুতির জন্য এবং আনসার ও ভিডিপি ক্রীড়া দলসমূহকে আরো শক্তিশালী করণের লক্ষ্যে প্রশিক্ষণ (ক্রীড়া ও সংস্কৃতি) শাখা কর্তৃক ২৬টি ক্রীড়া ডিসিপ্লিনে প্রতিভা অন্বেষণ ক্যাম্প-২০২৫-২০২৬ আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে (ক্রীড়া ডিসিপ্লিনের নামীয় তালিকা সংযুক্ত)। উল্লেখ্য যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও জাতীয় সমাবেশ-২০২৬ অগ্রাধিকার বিবেচনায় প্রতিভা অন্বেষণ ক্যাম্প ২০২৫-২০২৬ পরিচালিত হয়নি।

বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে অসংখ্য তরুণ প্রতিভাবান খেলোয়াড় রয়েছে। তাদেরকে তৃণমূল পর্যায় থেকে বাছাই করে প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় এবং আন্তর্জাতিক মানের যোগ্য ও দক্ষ খেলোয়াড় হিসেবে গড়ে তোলার লক্ষ্যে আপনার জেলা হতে তরুণ উদীয়মান ভিডিপি/প্লাটুনভুক্ত খেলোয়াড়দের নামীয় তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখিত ডিসিপ্লিনে জেলা, বিভাগ, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত খেলোয়াড়দের অগ্রাধিকার দেওয়া হবে। প্রতিভা অন্বেষণ ক্যাম্প ২০২৫-২০২৬ এর বাছাই কার্যক্রম আগামী ২৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে আনসার ও ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুরে অনুষ্ঠিত হবে। মহাপরিচালক মহোদয়ের সদয় সিদ্ধান্তক্রমে বাছাই কার্যক্রমে চূড়ান্ত পর্যায়ে উত্তীর্ণ সদস্য-সদস্যাদের নিয়ে আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে ১ মাসব্যাপী প্রতিভা অন্বেষণ ক্যাম্প অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, বাছাই কার্যক্রমে অংশগ্রহণকারী খেলোয়াড়দের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ প্রেরণ করা হলো।

সংযুক্ত: ক্রীড়া ডিসিপ্লিনের নামীয় তালিকা ০১ (এক) পাতা।

২২/০৬/২০২৬

মির্জা সিফাত-ই-খোদা
বিএডি: ১২০১৩৭
পরিচালক (ক্রীড়া ও সংস্কৃতি)
মোবাইল: +৮৮০১৩৩৫৩০০৭১৫
E-mail: avsportsbranch@gmail.com

জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.............................. (সকল)।

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০৬৩.৩০.০৭০.২৩-

তারিখ: ______ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ।
______ জুন ২০২৬ খ্রিস্টাব্দ।

**অনুলিপি-সদয় অবগতি ও কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য |
| ২। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশনস)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য |
| ৪। | উপমহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .........রেঞ্জ......। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য |
| ৫। | সভাপতি/সাধারণ সম্পাদক<br>.....................................ফেডারেশন (সংশ্লিষ্ট) | অবগতির জন্য |
| ৬। | উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিজি]<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য |
| ৭। | সভাপতি/সাধারণ সম্পাদক<br>জেলা ক্রীড়া সংস্থা...................................(সকল) | অবগতির জন্য |
| ৮। | কোচ/সহকারী কোচ, আনসার ও ভিডিপি..................ক্রীড়া দল। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৯। | অফিস/মাস্টার কপি। | |

পরিচালক (ক্রীড়া ও সংস্কৃতি)

# প্রতিভা অন্বেষণ ক্যাম্প ২০২৫-২০২৬

| ক্রম | ইভেন্ট | প্রশিক্ষণের স্থান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বক্সিং (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২ | ভারোত্তোলন (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৩ | তায়কোয়ানডো (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৪ | শরীরগঠন (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৫ | উশু (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৬ | কারাতে (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৭ | জুডো (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৮ | কুস্তি (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ৯ | আরচ্যারী (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১০ | ফেন্সিং (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১১ | সাইক্লিং (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১২ | এ্যাথলেটিক্স (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৩ | জিমন্যাস্টিক্স (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৪ | শ্যুটিং (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৫ | টেবিল টেনিস (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৬ | কাবাডি (মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৭ | ক্রিকেট (মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৮ | হ্যান্ডবল (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ১৯ | ভলিবল (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২০ | ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২১ | দাবা (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২২ | রোলার স্কেটিং (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২৩ | রাগবী (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২৪ | খো খো (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২৫ | বেসবল-সফটবল (পুরুষ ও মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২৬ | ফুটবল (মহিলা) | আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |